গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-১
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৩৫.১৮-২৬৫১ তারিখ ঃ ১৮-১১-২০১৯ খ্রিঃ

বিষয় ঃ নিয়োগানুমতি

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সী এ.জে. ইন্টারন্যাশনাল (আরএল-১৩০৪)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবস্থ Gulf Asia Contracting Company LLC এর অধীনে Pipe fitter পদে ৫০ (পঞ্চাশ) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো ঃ-

কোম্পানীর নাম, ভিসা নং ও সত্যায়নের তারিখ	পদের নাম	কর্মীর সংখ্যা	মাসিক বেতন (সৌদি রিয়াল)	অন্যান্য সুবিধাদি
Gulf Asia Contracting Company LLC ভিসা নং- ১৩০১৫৯৩৮৭৫ তারিখ: ২৮-১০-২০১৯খ্রি:	Pipe fitter	৫০ (পঞ্চাশ) জন	১৪০০ (চৌদ্দশত)	খাদ্য, বাসস্থান, চিকিৎসা ও বিমান ভাড়া (উভয় পথ):-(ফ্রি); বিমান ভাড়া:- (উভয় পথ) ফ্রি; কর্মঘন্টা:- প্রতিদিন ০৮ (আট) ঘন্টা; ছুটি: দুই বছরে ৪২ দিন; চুক্তির মেয়াদ:- ২ (দুই) বছর; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

মোট= ৫০ (পঞ্চাশ) জন

শর্তাবলীঃ

(ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।

(খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।

(গ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।

(ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদাপত্র/ক্ষমতাপত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।

(ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে হবে এবং তার প্রমানপত্র বিএমইটি বরাবরে উপস্থাপন করবে।

(চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানিতে অবশ্যই চাকুরি পাবে এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়া খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য মর্মে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

(ছ) চাকুরির শর্তাবলি সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

(জ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(ঝ) সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।

(ঞ) বিমান ভাড়াসহ অন্যকোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।

(ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।

(ঠ) মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্কভাবে পরীক্ষা করবে।

(ড) ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন।

(ঢ) গত ১৩-১১-২০১৯ তারিখে অনুমোদন প্রাপ্ত ৫০ (পঞ্চাশ) জনের মধ্যে কত জনের নিয়োগ সম্পন্ন করা হয়েছে তার তথ্য ১৫ (পনের) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(ণ) অনুমোদিত কর্মীগণ নির্ধারিত কর্মস্থলে যথাযথভাবে কর্মে নিয়োজিত হয়েছেন কিনা তা সরেজমিন যাচাইপূর্বক রিয়াদ-এ নিযুক্ত শ্রম কাউন্সিলর-কে ৩০ কর্ম দিবসের মধ্যে প্রতিবেদন দিতে হবে।

১৮/১১/১৯

(সুষমা সুলতানা)
উপসচিব
ফোন ঃ ০২-৪১০৩০২৪২

মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৩৫.১৮-৯৬৫১ তারিখ ঃ ১৮-১১-২০১৯ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. যুগ্মসচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. যুগ্মসচিব (কর্মসংস্থান অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, রিয়াদ, সৌদি আরব
৬. সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. স্বত্তাধিকারী, মেসার্স এ.জে. ইন্টারন্যাশনাল (আরএল-১৩০৪), আকরাম টাওয়ার (২য় তলা), ১৯৯ বিজয় নগর, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী, ঢাকা-১০০০
৮. অফিস কপি।

(সুষমা সুলতানা)
উপসচিব
ফোন ঃ ০২-৪১০৩০২৪২